51

তারিখ ... 30 JUL 1997 ...
পৃষ্ঠা ... কলাম ...

দৈনিক সংবাদ

## জিয়ার ছবি এঁকে দেবে ছাত্রলীগ

॥ কৈলাস সরকার ॥

সূর্যসেন হলে বঙ্গবন্ধুর ছবি আঁকার ক্ষতিপূরণ হিসেবে বঙ্গবন্ধুর ছবির পাশে জিয়াউর রহমানের ছবি এঁকে দেবে ছাত্রলীগ। গতকাল মঙ্গলবার বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ও সমস্ত ছাত্র সংগঠনের নেতৃবৃন্দের সাথে অনুষ্ঠিত সমঝোতা বৈঠকে এ চুক্তি হয়।

ছাত্রলীগ গত ২৪শে জুলাই সূর্যসেন হল দখল করার পরই এখানে বঙ্গবন্ধুর একটি ছবি আঁকে। কিন্তু গতকালের বৈঠকে ছাত্রদল এ ছবিটি মুছে ফেলার জন্য কর্তৃপক্ষের কাছে দাবি জানায়। অবশেষে এর সমাধান হিসেবে বঙ্গবন্ধুর পাশে জিয়াউর রহমানেরও একটি ছবি আঁকার সিদ্ধান্ত দেয় কর্তৃপক্ষ।

শেষ খবরঃ আগামী ১০ই আগস্ট এ দুটো ছবিই মুছে ফেলা হবে। ওই দিন ক্যাম্পাসের সমস্ত দেয়ার লিখন ও অংকন মুছে ফেলে 'হোয়াইট ওয়াশ' করা হবে।

# ক্যাম্পাসে অচলাবস্থা অবসানে চুক্তি সই

## ❑ ছাত্রদলের কর্মসূচি প্রত্যাহার

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা) ঢাকা বিশ্ববিদ্যালয়ের অচলাবস্থা নিরসনের জন্য সব ছাত্র সংগঠনের নেতৃবৃন্দ এবং বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সাথে গতকাল মঙ্গলবার সমঝোতা চুক্তি সই হয়েছে। এ চুক্তি অনুযায়ী সব হলে সব ছাত্র সংগঠনের বৈধ ছাত্র ও ছাত্র নেতাকর্মীকে পরিচয়পত্র দেখে নিজ নিজ হলে তুলে দেয়া হবে। এছাড়া আজ সকাল ১০টার মধ্যে সূর্যসেন হল থেকে সব ছাত্র ও অবস্থানরত সকলকে আগামী ২৪ ঘন্টার জন্য হলত্যাগের নির্দেশ দেয়া হয়েছে। চুক্তি অনুযায়ী জাতীয়তাবাদী ছাত্রদল ঢাকা বিশ্ববিদ্যালয়ের অবিরাম ধর্মঘটসহ তাদের ঘোষিত সকল কর্মসূচি স্থগিত করেছে। আগামী ২রা আগস্ট পর্যন্ত অনুষ্ঠেয় ঢাকা বিশ্ববিদ্যালয়ের সকল পরীক্ষা স্থগিত করা হয়েছে। গতকাল দুপুরে উপাচার্যের আবাসিক কার্যালয়ে ছাত্রলীগ (শা–পা), ছাত্রদল, গণতান্ত্রিক ছাত্র ঐক্যসহ সকল ছাত্র সংগঠনের নেতৃবৃন্দের উপস্থিতিতে সমঝোতা বৈঠক হয়। সমঝোতার ব্যাপারে উপাচার্য, প্রক্টর এবং উপস্থিত শীর্ষ ছাত্র নেতৃবৃন্দ একটি চুক্তিপত্রে সই করেন। উপাচার্য অধ্যাপক এ কে আজাদ চৌধুরী, প্রক্টর ডঃ কে এম নূর–উন–নবী, এনামুল হক শামীম, ইসহাক আলী খান পান্না, অজয় কর খোকন, পংকজ দেবনাথ, বাহাদুর বেপারী, আবদুল ওয়াদুদ খোকন, শহীদ উদ্দিন চৌধুরী এ্যানি, হাবিব–উন–নবী সোহেল, এবিএম মোশাররফ হোসেন, মনির হোসেন, নাসিরউদ্দিন পিন্টু, মনোয়ার হোসেন রানা, নাসিরউদ্দিন অসীম, সেলিমুজ্জামান সেলিম, হাসান হাফিজুর রহমান সোহেল, মাহবুবুল হক রিপন, দিপংকর সাহা দীপু, করিম সিকদার, সাইফুর তপন প্রমুখ এ সময় উপস্থিত ছিলেন।

চুক্তি অনুযায়ী কর্তৃপক্ষ আজ সকাল ১০টার মধ্যে সূর্যসেন হল থেকে সকল ছাত্র ও অবস্থানরত সব বহিরাগতকে আগামী ২৪ ঘন্টার মধ্যে পর্যন্ত হল ত্যাগের নির্দেশ দেয়ার সিদ্ধান্ত নেয়া হয়। সবার হলত্যাগের পর পুলিশ সব কক্ষে গিয়ে তল্লাশি করবে এবং আগামীকাল সকাল ১০টার পর থেকে এ হলের ক্যাম্পাস ঃ পৃঃ ১১ কঃ ৬

### ক্যাম্পাস ঃ চুক্তি সই

( ১ম পৃষ্ঠার পর )

[illegible] বৈধ ছাত্রকে তাদের পরিচয়পত্র দেখে হলে ঢুকানো হবে। এ সময় গেটে উপস্থিত থাকবেন উপাচার্য, প্রক্টর, হলের প্রভোস্ট ও হাউস টিউটরগণ, ছাত্র সংগঠনের নেতৃবৃন্দ এবং পুলিশ।

তবে ছাত্রদলের ৩০ জন নেতাকর্মী, যারা ছাত্রলীগ নিয়ন্ত্রিত অন্যান্য হল থেকে বিতাড়িত তারা যতদিন তাদের নিজ নিজ হলে উঠতে না পারবে ততদিন পর্যন্ত সূর্যসেন হলসহ ছাত্রদল নিয়ন্ত্রিত হলসমূহে থাকতে পারবে বলেও সিদ্ধান্ত হয়। এছাড়া এ সিদ্ধান্তেরই অংশহিসেবে আগামী ১০ দিন পর থেকে পর্যায়ক্রমে সব হল থেকেই সব ছাত্র ও অবস্থানরত সকলকে কয়েক ঘন্টার জন্য বের করে দেয়া হবে। এর পরে কর্তৃপক্ষ, ছাত্র নেতৃবৃন্দ এবং পুলিশ উপস্থিত থেকে পরিচয়পত্র দেখে বৈধ ছাত্রদের হলে ঢুকানো হবে।

সমঝোতার সফলতা এবং স্থায়িত্ব নিয়ে ছাত্রদল সভাপতি শহীদ উদ্দিন চৌধুরী এ্যানির সাথে যোগাযোগ করা হলে তিনি বলেন, আমরা আশাবাদী। তবে এ ব্যাপারে সকলের আন্তরিকতা প্রয়োজন। ছাত্রলীগ সভাপতি এনামুল হক শামীমও আশাবাদ ব্যক্ত করেন। সেই সাথে তিনি আরো জানান, যাতে এ সমঝোতা স্থায়ী হয় সে ব্যাপারে আমাদের সর্বাত্মক চেষ্টা থাকবে।